

## ৪০ শতাংশ এলাকা কোটা রেখেই স্কুলে ভর্তির নীতিমালা হচ্ছে

এম এইচ রবিন •

আগের মতো স্থানীয় শিক্ষার্থীদের জন্য স্কুলের ক্যাচমেন্ট এলাকায় ৪০ শতাংশ কোটা সংরক্ষণ থাকবে নতুন শিক্ষাবর্ষের ভর্তির নিয়মে। ২০১৭ শিক্ষাবর্ষের ভর্তির নীতিমালা চূড়ান্ত করতে আজ রোববার বিকালে এক সভায় বিষয়টি চূড়ান্ত হওয়ার কথা রয়েছে। ইতোমধ্যে আগের ভর্তি নীতিমালা অনুযায়ী একটি খসড়া নীতিমালা তৈরি করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)।

খসড়া অনুযায়ী, স্থানীয় শিক্ষার্থীদের জন্য স্কুলের ক্যাচমেন্ট এলাকায় ৪০ শতাংশ কোটা সংরক্ষণ থাকবে। বাকি আসন অন্য এলাকার শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত থাকবে। তবে একই শিক্ষা প্রতিষ্ঠানের পঞ্চম শ্রেণি থেকে ষষ্ঠ শ্রেণিতে ভর্তির জন্য কোটা প্রযোজ্য হবে না। শিক্ষার্থীদের বসবাসের মধ্যে একাধিক স্কুল থাকলে উভয় প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে।

জানা গেছে, এবারও প্রথম শ্রেণিতে লটারির মাধ্যমে ভর্তি করা হবে। ভর্তির জন্য ১ জানুয়ারি শিক্ষার্থীর বয়স ৬ বছর হতে হবে। ভর্তির বয়সের উর্ধ্বতা সংশ্লিষ্ট বিদ্যালয় নির্ধারণ করবে। দ্বিতীয় ও তৃতীয় শ্রেণিতে ভর্তির জন্য বাংলায় ১৫, ইংরেজিতে ১৫ ও গণিতে ২০ নম্বরসহ মোট ৫০ নম্বরের লিখিত পরীক্ষা নেওয়া হবে। পরীক্ষার সময় এক ঘণ্টা। চতুর্থ থেকে অষ্টম শ্রেণিতে ভর্তির জন্য বাংলা ৩০, ইংরেজি ৩০ ও ৪০ নম্বরের গণিতসহ মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা নেওয়া হবে। পরীক্ষার সময় নির্ধারণ করা হয়েছে দুই ঘণ্টা। আর জেএসসি ও জেডিসি পরীক্ষার ফলের ভিত্তিতে নবম শ্রেণিতে ভর্তি করা হবে।

এবার ভর্তি ফরমের মূল্য নির্ধারণ করা হয়েছে ১৫০ টাকা। রাজধানীর সরকারি বিদ্যালয়গুলোকে এবারও 'ক', 'খ' ও 'গ' তিন ভাগে ভাগ করা হয়েছে।